

ক্যান্টনমেন্ট বোর্ড
জালালাবাদ সেনানিবাস
সিলেট।
www.jcbs.gov.bd

নং- ২৩.২২.৭০১৩.০০২.১১.০০২.১৬-২৪৭

তারিখঃ ২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন তহবিল হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে নিম্নবর্ণিত পদ পূরণের নিমিত্ত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্রমিক নং	পদের নাম ও সর্বসাকুল্য মাসিক বেতন	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য যোগ্যতা
(ক)	(খ)	(গ)	(ঘ)
১.	খন্ডকালীন সহকারী শিক্ষক (ইংরেজি/গণিত/বিজ্ঞান) সর্বসাকুল্য মাসিক ১৪,০০০/- (চৌদ্দ হাজার টাকা)।	প্রতিটি বিষয়ে ০১(এক)জন।	সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২.৫ জিপিএ স্নাতক/সমমানের স্নাতক ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নহে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২.	খন্ডকালীন জুনিয়র শিক্ষক সর্বসাকুল্য মাসিক ১২,০০০/- (বার হাজার টাকা)।	০১(এক)জন।	ন্যূনতম ২.৫ জিপিএ/সমমানের স্নাতক ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নহে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী

- ১। অগ্রাহী প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে স্বহস্তে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট বরাবর আবেদন করতে হবে। নির্ধারিত ফরমটি www.mopa.gov.bd এবং জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের www.jcbs.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে সম্মতি তোলা ০২(দুই)কপি ৫×৫ সে.মি. আকারের রজিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার(যদি থাকে) সনদপত্র, পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র এর সত্যায়িত ছায়াছবি সংযুক্ত করতে হবে।
- ২। প্রার্থীর বয়স আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর। আবেদনপত্রে ০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে বয়স উল্লেখ করতে হবে।
- ৩। আগামী ০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নিয়োগকারী বরাবর আবেদন করতে হবে। ০৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে।
- ৪। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ৫। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ৬। উল্লেখিত পদে নিয়োগ বর্তমান শূন্য পদের বিপরীতে বিধায় এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। উক্ত পদে স্থায়ীভাবে লোক নিয়োগ করা হলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ অস্থায়ী নিয়োগ কখনো স্থায়ী নিয়োগে রূপান্তরিত হবে না এবং যে কোন সময় বাতিল করণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।


(মোহাঃ সৌলিনা বারী)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জালালাবাদ সেনানিবাস, সিলেট।

কার্যক্রমঃ

(জালালাবাদ ও সিলেট সেনানিবাসের সকল ইউনিট/সংস্থা/প্রতিষ্ঠান)

অনুলিপি ৪ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১. এরিয়া সদর দপ্তর সিলেট
সিলেট সেনানিবাস।
২. স্টেশন সদর দপ্তর সিলেট
সিলেট সেনানিবাস।
৩. অধ্যক্ষ
জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ/সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ।
৪. অধ্যক্ষ
জালালাবাদ ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল এন্ড কলেজ।